8:44 0.71 KB/s 49%



Question 1 Correct

বঙ্গভঙ্গের প্রতিবাদে কার পরামর্শে ‘রাখিবন্ধন’ অনুষ্ঠানের পরিকল্পনা গ্রহণ করা হয়?

A সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

B কবি মুকুন্দ দাস

C রবীন্দ্রনাথ ঠাকুর ✔

D যতীন্দ্রনাথ মুখোপাধ্যায়

A 1% B 4% C 94% D 2%

**Solution:**

বঙ্গভঙ্গের প্রতিবাদে রবীন্দ্রনাথ ঠাকুরের পরামর্শে ‘রাখিবন্ধন’ অনুষ্ঠানের পরিকল্পনা গ্রহণ করা হয়। এছাড়াও তিনি ‘ও আমার দেশের মাটি’ গান এবং ‘বাংলার মাটি, বাংলার জল’ কবিতা ও ‘ঘরে বাইরে’ উপন্যাস লিখেন।

Question 2 Correc

Question 2 Correct

স্যার সৈয়দ আহমদ খান কোন আন্দোলনের সাথে জড়িত?

A অসহযোগ আন্দোলন

B ফরায়েজী আন্দোলন

C খিলাফত আন্দোলন

D আলীগড় আন্দোলন ✓

| A 3% | B 5% | C 5% | D 92% |
|---|---|---|---|

**Solution:**

ইংরেজ সরকার ও মুসলমান সম্প্রদায়ের মধ্যে সম্প্রীতি স্থাপন ছিল আলীগড় আন্দোলনের মূল বিষয়বস্তু। আলীগড় আন্দোলনের প্রতিষ্ঠাতা স্যার সৈয়দ আহমদ খান।

Question 3 Incorrect

১৭৯৩ সালে বাংলায় 'চিরস্থায়ী বন্দোবস্ত' চালু করেন-

Question 3 Incorrect

১৭৯৩ সালে বাংলায় 'চিরস্থায়ী বন্দোবস্ত' চালু করেন-

A লর্ড কর্নওয়ালিস ✔

B লর্ড বেন্টিঙ্ক

C লর্ড ক্লাইভ

D লর্ড ক্যানিং

A 85% B 6% C 6% D 5%

**Solution:**

মার্কিন স্বাধীনতা যুদ্ধে ব্রিটিশের প্রধান সেনাপতি ছিলেন লর্ড কর্নওয়ালিস। ১৭৯৩ সালের ২২ মার্চ তিনি 'চিরস্থায়ী বন্দোবস্ত' প্রথা চালুর মাধ্যমে সূর্যাস্ত আইন বলবৎ করেন।

Question 4 Correct

ঐতিহাসিক লাহোর প্রস্তাব উত্থাপিত হয় কবে?

Question 4 Correct

## ঐতিহাসিক লাহোর প্রস্তাব উত্থাপিত হয় কবে?

A ২৪ মার্চ, ১৯৪০

B ২৩ মার্চ, ১৯৪০ ✔

C ১৩ জানুয়ারি, ১৯৪০

D ১৩ মার্চ, ১৯৪০

A 5% B 88% C 1% D 6%

**Solution:**

১৯৪০ সালের ২৩ মার্চ লাহোরে অনুষ্ঠিত নিখিল ভারত মুসলিম কাউন্সিল অধিবেশনে শেরে বাংলা এ কে ফজলুল হক কর্তৃক উপস্থাপিত প্রস্তাবে বলা হয়, উপমহাদেশের মুসলিম সংখ্যাগরিষ্ঠ উত্তর-পশ্চিম অঞ্চলে একটি এবং পূর্বাঞ্চল নিয়ে একটি স্বাধীন রাষ্ট্র গঠন হবে। ১৯৪০ সালের ২৪ মার্চ, মুসলিম লীগ কর্তৃক দ্ব্যর্থহীনভাবে লাহোর প্রস্তাব গৃহীত হয়।

চট্টগ্রাম বন্দরের নাম ‘Porto Grande’ করেন কারা?

A ডাচরা

B দিনেমাররা

C ইংরেজরা

D পর্তুগিজরা ✓

| | | | |
|---|---|---|---|
| A 0% | B 1% | C 7% | D 93% |

**Solution:**

বাণিজ্যের উদ্দেশ্যে পর্তুগিজরা ১৫১০ সালে ভারতে আসে ও উড়িষ্যার ‘পিপলি’ নামক স্থানে প্রথম বাণিজ্য কুঠি স্থাপন করে। ১৫১৬ সালে বাংলায় এসে চট্টগ্রাম (পর্তুগিজরা বলতো Porte Grande) ও সপ্তগ্রামে বাণিজ্য কুঠি নির্মাণ করে। এছাড়া কালিকট, গোয়া, হুগলি, চট্টগ্রাম প্রভৃতি স্থানে উপনিবেশ গড়ে তোলে। ভারতের প্রথম পর্তুগিজ ভাইসরয় ফ্রান্সিসকো দ্য আলমিডা। প্রথম পর্তুগিজ গভর্নর ছিলেন আলফানসো ডি আল বুকার্ক। ভারতে পর্তুগিজ তথা ইউরোপীয় প্রথম দুর্গ ছিল কোচিনে। পর্তুগিজরা এদেশে ফিরিঙ্গি নামে পরিচিত ছিল।

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

Question 6 Correct

মহাত্মা গান্ধী কেন অসহযোগ আন্দোলন স্থগিত ঘোষণা করেন?

A দ্রব্যমূল্যের বৃদ্ধির কারণে

B গরিবদের উপর অত্যাচার বেড়ে যাওয়ায়

C সশস্ত্র রূপ ধারণ করায় ✔

D লোকবলের অভাব থাকায়

A 4% B 14% C 83% D 2%

**Solution:**

পুলিশ ও সাধারণ জনগণের মাঝে সংঘর্ষে ২২ জন পুলিশ ও অসংখ্য মানুষ মারা যায় ফলে আন্দোলন আর অহিংস থাকছে না সশস্ত্র রূপ ধারণ করছে বলে গান্ধীজি অসহযোগ আন্দোলন স্থগিত ঘোষণা করেন।

Calls and notifications will vibrate

Question 7 Correct

নিম্নোক্ত কোন ঐতিহাসিক ঘটনাটি

Question 7 Correct

নিম্নোক্ত কোন ঐতিহাসিক ঘটনাটি পরে সংঘটিত হয়?

A রাওলাট আইন

B বঙ্গভঙ্গ রদ

C বেঙ্গল প্যাক্ট ✔

D জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড

A 8% B 13% C 68% D 17%

**Solution:**

বঙ্গভঙ্গ প্রবর্তন হয় ১৯০৫ সালে এবং রদ হয় ১৯১১ সালে।
রাওলাট আইন ১৯১৮ সালে।
জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড (১৯১৯, ২৩ এপ্রিল) রাওলাট আইনের ফলস্বরূপ সংঘটিত হয়। বেঙ্গল প্যাক্ট ১৯২৩ সালে।

Question 8 Correct

কার যথাযথ উদ্যোগে গঙ্গায় সন্তান

8:45 49%



Question 8 Correct

## কার যথাযথ উদ্যোগে গঙ্গায় সন্তান বিসর্জন ও কন্যাশিশু হত্যা নিষিদ্ধ হয়?

A রাজা রামমোহন রায় ✔

B নওয়াব আব্দুল লতিফ

C ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

D স্যার সৈয়দ আহমদ খান

A 79% B 0% C 20% D 4%

**Solution:**

রাজা রামমোহন রায় আধুনিক ভারতের রেনেসাঁর জনক। তিনি ১৮৩০ সালে দিল্লীর সম্রাট দ্বিতীয় আকবরের নিকট 'রাজা' উপাধি লাভ করেন এবং ইংল্যান্ডে সম্রাটের দূত হিসেবে নিয়োগ পান। তার উদ্যোগে লর্ড ওয়েলেসলি ১৮০৩ সালে গঙ্গায় সন্তান বিসর্জন ও কন্যাশিশু হত্যা নিষিদ্ধ করেন।

'মোহামেডান লিটারেরি সোসাইটি' কত সালে প্রতিষ্ঠিত হয়?

A ১৮৬৫

B ১৭৬৩

C ১৮৬৩ ✔

D ১৮৬২

A 13% B 7% C 74% D 11%

**Solution:**

মোহামেডান লিটারেরি সোসাইটি একটি সামাজিক সংগঠন। ১৮৬৩ সালে নওয়াব আবদুল লতিফ কর্তৃক কলকাতায় প্রতিষ্ঠিত হয়। সোসাইটির সেক্রেটারি আবদুল লতিফের কলকাতার ১৬ নং তালতলার বাসভবনে সোসাইটির সদর দপ্তর ছিল। আবদুল লতিফ এর ভাষায় 'মুসলমানদের ইংরেজি ভাষার মাধ্যমে আধুনিক পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত করা এবং সামাজিক আচরণ ও আদান-প্রদানে শিক্ষিত হিন্দু ও ইংরেজদের সমকক্ষ করে তোলাই ছিল সোসাইটি প্রতিষ্ঠার উদ্দেশ্য। এ উদ্দেশ্যে তিনি বিজ্ঞান, কলা ও চলমান সমস্যা সংক্রান্ত এবং

সভার আয়োজন করেন। সোসাইটি মুসলমানদের ক্ষয়িষ্ণু আত্মবিশ্বাস ফিরিয়ে আনা, আধুনিক শিক্ষা প্রবর্তন ও বুদ্ধিবৃত্তিক আলোচনার দ্বারা সমাজ উন্নয়নের নতুন ধারার প্রবর্তনা এবং এভাবে শাসক ও শাসিতের মধ্যে এক নির্ভরশীল সেতু স্থাপনের উদ্যোগ গ্রহণ করেন। মুসলমানদের এই ধরনের সর্বপ্রথম সংগঠন হিসেবে মোহামেডান লিটারেরি সোসাইটি কালক্রমে মুসলমানদের প্রভূত কল্যাণ সাধন করে।

Question 10 Incorrect

খিলাফত আন্দোলনের অন্যতম নেতা কে ছিলেন?

A আল্লামা ইকবাল

B মোহাম্মদ আলী জিন্নাহ

C আবুল কালাম আজাদ ✔

D মাওলানা আকরাম খাঁ

A 3% B 8% C 63% D 29%

8:46 49%

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

খিলাফত আন্দোলনের অন্যতম নেতা কে ছিলেন?

A আল্লামা ইকবাল

B মোহাম্মদ আলী জিন্নাহ

C আবুল কালাম আজাদ ✔

D মাওলানা আকরাম খাঁ

A 3% B 8% C 63% D 29%

**Solution:**

আল্লামা ইকবাল পাকিস্তানের স্বপ্নদ্রষ্টা ও বিখ্যাত কবি। মোহাম্মদ আলী জিন্নাহ– পাকিস্তানের প্রথম গভর্নর জেনারেল। খিলাফত আন্দোলন যা ভারতীয় মুসলিম আন্দোলন (১৯১৯-১৯২৪) নামেও পরিচিত, ইসলামি খেলাফত পুনরুদ্ধার করতে ব্রিটিশ ভারতের মুসলমানরা শওকত আলী, মোহাম্মদ আলী জওহর ও আবুল কালাম আজাদ এর নেতৃত্বে পরিচালিত একটি সর্ব-ইসলামবাদ রাজনৈতিক প্রতিবাদ অভিযান প...

Calls and notifications will vibrate

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

Question 11 Incorrect

কার শাসনামলে পাঁচ বছর মেয়াদি ভূমি বন্দোবস্ত ব্যবস্থা প্রবর্তিত হয়?

A লর্ড ডালহৌসি

B লর্ড কার্জন

C লর্ড কর্নওয়ালিশ

D ওয়ারেন হেস্টিংস ✔

| A 6% | B 5% | C 18% | D 76% |
|---|---|---|---|

**Solution:**

রাজ কোষাগারের শূন্যতা পূরণের জন্য পাঁচ বছর মেয়াদি সর্বোচ্চ মূল্যে জমিদারির ইজারা দেয়ার নিয়ম প্রবর্তন করা হয়। যা 'পাঁচ শালা বন্দোবস্ত' নামে পরিচিত। যা হেস্টিংস প্রবর্তন করেন। লর্ড কর্নওয়ালিস 'চিরস্থায়ী বন্দোবস্ত' প্রবর্তন করেন। লর্ড কার্জনের ভূমিকার ফলে বঙ্গভঙ্গ হয়।

Question 12 Incorrect

বঙ্গভঙ্গের বিরুদ্ধে আন্দোলনের অংশ হিসেবে ব্রিটিশ পণ্য সামগ্রী বর্জন নীতিতে নেতৃত্ব দেন-

A সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ✔

B অরবিন্দ ঘোষ

C দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ

D মহাত্মা গান্ধী

A 56% B 4% C 23% D 22%

**Solution:**

বঙ্গভঙ্গের বিরুদ্ধে আন্দোলনের অংশ হিসেবে ব্রিটিশ পণ্য সামগ্রী বর্জননীতিতে নেতৃত্ব দেন সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়। বঙ্গভঙ্গের বিরুদ্ধে আন্দোলন হিসেবে বয়কট বা ব্রিটিশ পণ্যসামগ্রী বর্জন নীতি সফল করতে সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের লেখনী সর্বাধিক উল্লেখযোগ্য ভূমিকা পালন করে।

Question 13 Incorrect

Question 13 Incorrect

নিখিল ভারত মুসলিম লীগের গঠনতন্ত্র কে রচনা করেন?

A নবাব ভিকার-উল-মূলক ✔

B শেরে বাংলা এ কে ফজলুল হক

C আগা খান

D স্যার সলিমুল্লাহ

A 15% B 15% C 13% D 56%

**Solution:**

মুসলিম লীগের গঠনতন্ত্র রচনার ভার অর্পিত হয় নবাব ভিকার-উল-মুলক ও মহসিন-উল-মুলকের উপর। ১৯০৭ সালে মহসিন-উল-মূলকের মৃত্যু হলে নবাব ভিকার-উল-মূলক একাকীই মুসলিম লীগের গঠনতন্ত্র রচনা করেন।

Question 14 Incorrect

Question 14 Incorrect

ঢাকায় সিপাহি বিপ্লবের নেতৃত্ব দেন কে?

A সুরত আলী

B মঙ্গল পান্ডে

C রমজান আলী

D রজব আলী ✔

A 10% B 33% C 7% D 56%

**Solution:**

পশ্চিমবঙ্গের ব্যারাকপুরে সিপাহি বিপ্লবের নেতৃত্ব দেন মঙ্গলপান্ডে আর ঢাকায় সিপাহি বিপ্লবের নেতৃত্বে ছিলেন হাবিলদার রজব আলী।

Question 15 Correct

ইন্ডিয়ান সিভিল সার্ভিস আইন পাস করেন-

8:47 49%

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

ইন্ডিয়ান সিভিল সার্ভিস আইন পাস করেন-

A লর্ড ক্যানিং ✔

B লর্ড লিটন

C লর্ড রিপন

D লর্ড মাউন্টব্যাটেন

A 83% B 2% C 9% D 6%

**Solution:**

লর্ড ক্যানিংয়ের উল্লেখযোগ্য পদক্ষেপ:

- ১৮৬১ সালে উপমহাদেশে প্রথম কাগজের মুদ্রার প্রচলন ও কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা।
- ১৮৬১ সালে উপমহাদেশে প্রথম বাজেট ঘোষণা করেন।
- ১৮৬১ সালে সর্বপ্রথম 'পুলিশি ব্যবস্থা' চালু করেন।
- নীল কমিশন গঠন করেন; ফলে তার শাসন আমলেই নীল বিদ্রোহের সূচনা হয়।
- ইন্ডিয়ান সিভিল সার্ভিস আইন পাস করেন।

Question 16 Incorrect

‘জমি থেকে খাজনা আদায় আল্লাহর আইনের পরিপন্থি’ এটা কার ঘোষণা?

- A ফকির মজনু শাহ
- B হাজী শরীয়তউল্লাহ
- C দুদু মিয়া ✔
- D তিতুমীর

A 1% B 22% C 73% D 4%

**Solution:**

খাজনা আদায়ের জন্য জমিদারদের অত্যাচার রোধকল্পে দুদু মিয়া জমির উপর আল্লাহর সার্বভৌমত্ব প্রতিষ্ঠার জন্য এ উক্তি করেন। হাজী শরীয়তউল্লাহর একমাত্র পুত্র দুদু মিয়া পিতার মৃত্যুর পর ‘ফরায়েজী আন্দোলনের’ নেতৃত্ব গ্রহণ করেন।

Question 17 Incorrect

Question 17 Incorrect

ভারতীয় উপমহাদেশে প্রথম টেলিগ্রাফ ব্যবস্থা কে চালু করেন?

A লর্ড ডালহৌসি ✔

B লর্ড রিপন

C লর্ড ওয়েলেসলি

D লর্ড কর্নওয়ালিস

A 90% B 2% C 4% D 5%

**Solution:**

লর্ড ডালহৌসি ১৮৫০ সালে কলকাতা হতে ডায়মন্ড হারবার পর্যন্ত উপমহাদেশের প্রথম টেলিগ্রাফ লাইন চালু করেন। তিনি ১৮৫৩ সালে উপমহাদেশে এবং ১৮৫৪ সালে বাংলায় সর্বপ্রথম রেল যোগাযোগ চালু করেন।

Question 18 Skipped

সাঁওতাল বিদ্রোহের সময়কাল-

সাঁওতাল বিদ্রোহের সময়কাল-

A ১৮৫৫-১৮৬০

B ১৮৫০-১৮৫৫

C ১৮৫০-১৮৫১

D ১৮৫৫-১৮৫৬ ✓

A 27% B 3% C 9% D 66%

**Solution:**

১৭৯৩ সালে লর্ড কর্নওয়ালিসের প্রবর্তিত চিরস্থায়ী বন্দোবস্তের ফলে সাঁওতালদের ওপর অত্যাচারের মাত্রা বেড়ে গিয়েছিল। ১৮৫৫ সালে সাঁওতালরা সশস্ত্র সংগ্রাম করেছিল ইংরেজদের শাসন-শোষণ, সুদখোর, মহাজন ও ব্যবসায়ীদের বিরুদ্ধে। সিধু ও কানু ভ্রাতৃদ্বয় (সিধু মুরমু ও কানু মুরমু) এর উল্লেখযোগ্য নেতৃত্ব ছাড়াও চাঁদ, দৈব প্রমুখ। ১৮৫৫ সালের ৩০ জুন ('সাঁওতাল বিদ্রোহ' দিবস) যুদ্ধ শুরু হয় এবং ১৮৫৬ সালের নভেম্বর মাসে তা শেষ হয়।

Question 19 Correct

‘অ্যাংলো হিন্দু স্কুল’ প্রতিষ্ঠা করা হয় কেন?

A ইংরেজি শিক্ষা বিস্তারের জন্য ✔

B নারী শিক্ষার জন্য

C ধর্ম প্রচারের জন্য

D ব্রাহ্ম ধর্মের সংস্কারের জন্য

A 77% B 8% C 5% D 10%

**Solution:**

১৮২৩ সালে রাজা রামমোহন রায় ইংরেজি শিক্ষা বিস্তারের জন্য ‘অ্যাংলো হিন্দু স্কুল’ প্রতিষ্ঠা করেন।

Question 20 Skipped

ফরাসিরা সর্বপ্রথম বাণিজ্য কুঠি স্থাপন করে-

A কলকাতায়

ফরাসিরা সর্বপ্রথম বাণিজ্য কুঠি স্থাপন করে-

A কলকাতায়

B মাদ্রাজে

C সুরাটে ✔

D হুগলিতে

A 8% B 5% C 83% D 7%

**Solution:**

১৬৫১ সালে ইংরেজগণ হুগলিতে বাণিজ্য কুঠি নির্মাণ করেন, ১৬৬৮ সালে ফরাসিরা সুরাটে প্রথম বাণিজ্য কুঠি স্থাপন করে, ১৬৯৬-১৭০২ সালে ফোর্ট উইলিয়াম দুর্গ নির্মাণ করা হয়।

Question 21 Incorrect

পূর্ব পাকিস্তানের প্রথম মুখ্যমন্ত্রী কে ছিলেন?

A খাজা নাজিমুদ্দীন ✔

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

পূর্ব পাকিস্তানের প্রথম মুখ্যমন্ত্রী কে ছিলেন?

A খাজা নাজিমুদ্দীন ✓

B হোসেন শহীদ সোহরাওয়ার্দী

C চৌধুরী খালিকুজ্জামান

D শেরেবাংলা এ. কে. ফজলুল হক

A 48% B 7% C 0% D 48%

**Solution:**

- অবিভক্ত বাংলার ১ম মুখ্যমন্ত্রী – শেরে বাংলা এ. কে. ফজলুল হক।
- অবিভক্ত বাংলার ২য় ও শেষ মুখ্যমন্ত্রী – হোসেন শহীদ সোহরাওয়ার্দী।
- পূর্বপাকিস্তানের ১ম মুখ্যমন্ত্রী – খাজা নাজিমুদ্দীন।
- পূর্বপাকিস্তানের গভর্নর ছিলেন – চৌধুরী খালিকুজ্জামান।

Question 22 Incorrect

ব্রিটিশ ম্যাজিস্ট্রেট কিংসফোর্ড কে

ব্রিটিশ ম্যাজিস্ট্রেট কিংসফোর্ড কে হত্যা চেষ্টায় কোন ভারতীয় বিপ্লবীকে ফাঁসির আদেশ দেওয়া হয়?

A প্রফুল্ল চাকী

B ইলা মিত্র

C মাস্টার দ্যা সূর্যসেন

D ক্ষুদিরাম ✔

| A 2% | B 1% | C 4% | D 94% |
|---|---|---|---|

**Solution:**

ক্ষুদিরাম বসু (১৮৮৯-১৯০৮) ছিলেন একজন ভারতীয়-বাঙালি বিপ্লবী যিনি ভারতে ব্রিটিশ শাসনের বিরোধিতা করেছিলেন।
ক্ষুদিরাম, প্রফুল্ল চাকির সঙ্গে মিলে গাড়িতে ব্রিটিশ বিচারক, ম্যাজিস্ট্রেট কিংসফোর্ড আছে ভেবে তাকে গুপ্তহত্যা করার জন্যে বোমা ছুঁড়েছিলেন। ম্যাজিস্ট্রেট কিংসফোর্ড অন্য একটা গাড়িতে বসেছিলেন, যে ঘটনার ফলে দুজন ব্রিটিশ মহিলার মৃত্যু হয়, যারা ছিলেন মিসেস কেনেডি ও তার কন্যা। প্রফুল্ল চাকি গ্রেপ্তারের আগেই আত্মহত্যা করেন। ক্ষুদিরাম গ্রেপ্তার হন। দুজন মহিলাকে হত্যা

ক্ষুদিরাম, প্রফুল্ল চাকির সঙ্গে মিলে গাড়িতে ব্রিটিশ বিচারক, ম্যাজিস্ট্রেট কিংসফোর্ড আছে ভেবে তাকে গুপ্তহত্যা করার জন্যে বোমা ছুঁড়েছিলেন। ম্যাজিস্ট্রেট কিংসফোর্ড অন্য একটা গাড়িতে বসেছিলেন, যে ঘটনার ফলে দুজন ব্রিটিশ মহিলার মৃত্যু হয়, যারা ছিলেন মিসেস কেনেডি ও তার কন্যা। প্রফুল্ল চাকি গ্রেপ্তারের আগেই আত্মহত্যা করেন। ক্ষুদিরাম গ্রেপ্তার হন। দুজন মহিলাকে হত্যা করার জন্যে তার বিচার হয় এবং চূড়ান্তভাবে তার ফাঁসির আদেশ হয়।

Question 23 Correct

ভারতবর্ষে সর্বপ্রথম ‘আদমশুমারি’ চালু করেন কে?

A লর্ড মেয়ো ✔

B স্যার জন লরেন্স

C লর্ড নর্থব্রুক

D লর্ড লিটন

A 90% B 3% C 1% D 6%

8:49 49%

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

ভারতবর্ষে সর্বপ্রথম ‘আদমশুমারি’ চালু করেন কে?

A লর্ড মেয়ো ✔

B স্যার জন লরেন্স

C লর্ড নর্থব্রুক

D লর্ড লিটন

A 90% B 3% C 1% D 6%

**Solution:**

লর্ড মেয়ো সর্বপ্রথম ভারতে আদমশুমারি, পরিসংখ্যান তত্ত্ব, কৃষি ও বাণিজ্য বিভাগ উদ্বোধন করেন। লর্ড মেয়ো (১৮২২-১৮৭২) ১৮৬৯ থেকে ১৮৭২ সাল পর্যন্ত ভারতের ভাইসরয় এবং গভর্নর জেনারেল ছিলেন।

১৮৭২ সালে তাঁর শাসনামলেই ভারতবর্ষের প্রথম আদমশুমারি শুরু হয়। তিনি দেশে পরিসংখ্যান জরিপের ব্যবস্থা করেন এবং কৃষি ও বাণিজ্য বিভাগ সৃষ্টি করেন। উত্তরাধিকারসূত্রে পাওয়া মারাত্মক অর্থনৈতিক ঘাটতি, বিশ্বাসের অযোগ্য আয়-ব্যয়ের হিসাব, অনিষ্পত্তিকৃত হিসাব-নিকাশ এবং অসম্পূর্ণ পরিসংখ্যানের পরিবর্তে

ছিলেন।
১৮৭২ সালে তাঁর শাসনামলেই ভারতবর্ষের প্রথম আদমশুমারি শুরু হয়। তিনি দেশে পরিসংখ্যান জরিপের ব্যবস্থা করেন এবং কৃষি ও বাণিজ্য বিভাগ সৃষ্টি করেন। উত্তরাধিকারসূত্রে পাওয়া মারাত্মক অর্থনৈতিক ঘাটতি, বিশ্বাসের অযোগ্য আয়-ব্যয়ের হিসাব, অনিষ্পত্তিকৃত হিসাব-নিকাশ এবং অসম্পূর্ণ পরিসংখ্যানের পরিবর্তে তিনি উল্লেখযোগ্য পরিমাণ উদ্বৃত্ত, বিশ্বাসযোগ্য আয়-ব্যয়ের হিসাব, চূড়ান্ত হিসাব-নিকাশ এবং সম্পূর্ণ পরিসংখ্যান রেখে যান। দেশীয় রাজন্যবর্গ ও প্রধানদের সন্তান-সন্ততির লেখাপড়ার জন্য তিনি আজমীরে মেয়ো কলেজ প্রতিষ্ঠা করেন। ১৮৭২ সালের ৮ ফেব্রুয়ারি আন্দামান সফরে গিয়ে তিনি জনৈক পাঠান কয়েদির ছুরিকাঘাতে নিহত হন। তাঁর মৃতদেহ পরে আয়ারল্যান্ডে নিয়ে যাওয়া হয়।

Question 24 Correct

‘ছিয়াত্তরের মন্বন্তর’ নামক ভয়াবহ দুর্ভিক্ষ কত খ্রিষ্টাব্দে সংঘটিত হয়?

A ১৭৭০ খ্রিষ্টাব্দে ✓

Question 24 Correct

‘ছিয়াত্তরের মন্বন্তর’ নামক ভয়াবহ দুর্ভিক্ষ কত খ্রিষ্টাব্দে সংঘটিত হয়?

A ১৭৭০ খ্রিষ্টাব্দে ✔

B ১৩৭৬ খ্রিষ্টাব্দে

C ১৭৭২ খ্রিষ্টাব্দে

D ১৭৭৬ খ্রিষ্টাব্দে

A 80% B 6% C 2% D 12%

**Solution:**

ক্লাইভের দ্বৈত শাসন ব্যবস্থার কুফল হিসেবে বাংলা ১১৭৬ সালে (ইংরেজি ১৭৭০) দেশব্যাপী দুর্ভিক্ষের ফলে এক মারাত্মক অর্থনৈতিক বিপর্যয় দেখা দেয়। এ বিপর্যয়ে দেশের প্রায় এক-তৃতীয়াংশ লোক প্রাণ হারায় এবং অর্থনৈতিক মেরুদণ্ড সম্পূর্ণরূপে ভেঙে পড়ে। ’৭৬ সালের এই ভয়াবহ অবস্থাই ইতিহাসে ‘ছিয়াত্তরের মন্বন্তর’ নামে পরিচিত।

8:50 49%
উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

বক্সারের যুদ্ধে বাংলার কোন নবাব ইংরেজদের হাতে পরাজিত হন?

A আলীবর্দী খান

B মীর কাশিম ✔

C সিরাজউদ্দৌলা

D মীর জাফর

A 9% B 85% C 9% D 2%

**Solution:**

১৭৬৪ সালে বক্সারের যুদ্ধে মীর কাশিম ইংরেজদের হাতে পরাজিত হয়। যার ফলশ্রুতিতে বাংলার প্রকৃত শাসনভার কোম্পানির উপর ন্যস্ত হয়। মীর কাশিম অযোধ্যার নবাব সুজাউদ্দৌলা ও শেষ মোঘল সম্রাট (শাহ্ আলম) এর সাথে মৈত্রীর সম্পর্ক গড়ে তোলেন। ১৭৬৪ সালের ২২ অক্টোবর তাদের সম্মিলিত সৈন্যবাহিনীর সাথে বক্সার নামক স্থানে ইংরেজ সৈন্যদের ঘোরতর যুদ্ধ হয়। বক্সারের যুদ্ধে ইংরেজরা জয়লাভ করে। মীর কাশিম কয়েক বছর অজ্ঞাত অবস্থায় ঘুরে বেড়ান।

Question 26 Skipped

## আলবুকার্ক কর্তৃক গৃহীত 'নীল জলনীতি'র উদ্দেশ্য কী ছিল?

A ফরাসি সাম্রাজ্য বিস্তার

B ব্রিটিশ সাম্রাজ্য বিস্তার

C দ্বৈতশাসন ব্যবস্থা প্রবর্তন

D পর্তুগিজ সাম্রাজ্য বিস্তার ✔

A 4% B 21% C 9% D 71%

**Solution:**

১৫০৯ সালে আলবুকার্ক উপমহাদেশে আগমন করেন। আলবুকার্ক পর্তুগিজ গভর্নরদের মধ্যে ছিলেন সর্বশ্রেষ্ঠ। তিনি পর্তুগিজ সাম্রাজ্য বিস্তারের জন্য 'নীল জলনীতি' পরিকল্পনা গ্রহণ করেন।

- লর্ডক্লাইভ ছিলেন ইংরেজ গভর্নর তিনি দ্বৈত শাসন ব্যবস্থা প্রবর্তন করেন।

Question 27 Skipped

8:50 49%

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

Question 27 Skipped

‘A short History of the Saracens’ ঐতিহাসিক গ্রন্থটি কার?

A মাঃ আবুল কালাম আজাদ

B সৈয়দ আহমদ খান

C আমীর খসরু

D সৈয়দ আমীর আলী ✔

A 6% B 8% C 5% D 84%

**Solution:**

সৈয়দ আমীর আলী ইসলাম ধর্মের বিজ্ঞানসম্মত বিশ্লেষণ ও মূলনীতি প্রচারে গুরুত্বপূর্ণ অবদান রেখে যান। তার মহৎ কীর্তির মধ্যে The spirit of Islam ও A short History of the Saracens উল্লেখযোগ্য।

Question 28 Incorrect

বঙ্গভঙ্গ রদ ঘোষণা করেন কে?

Question 28 Incorrect

বঙ্গভঙ্গ রদ ঘোষণা করেন কে?

A লর্ড কার্জন

B পঞ্চম জর্জ ✓

C লর্ড হার্ডিঞ্জ

D রানি ভিক্টোরিয়া

| A 8% | B 65% | C 27% | D 0% |
|---|---|---|---|

**Solution:**

১৯১১ সালে বঙ্গভঙ্গ রদ হয়। বঙ্গভঙ্গ রদের সময় ব্রিটেনের রাজা ছিলেন ৫ম জর্জ, তিনি বঙ্গভঙ্গ রদ ঘোষণা করেন। তৎকালীন ভাইসরয় ছিলেন লর্ড হার্ডিঞ্জ। তিনি ১৯১২ সালে রাজধানী দিল্লীতে হস্তান্তর করেন।

Question 29 Skipped

হুগলির ‘ইমামবারা’ কে নির্মাণ করেন?

A সৈয়দ আহমদ খান

8:50 49%



Question 29 Skipped

হুগলির 'ইমামবারা' কে নির্মাণ করেন?

A সৈয়দ আহমদ খান

B ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

C হাজী মোহাম্মদ মহসীন ✓

D রাজা রামমোহন রায়

A 8% B 1% C 87% D 3%

**Solution:**
১৮৪৮ সালে হুগলিতে হাজী মোহাম্মদ মহসীন নির্মাণ করেন 'ইমামাবারা'।

Question 30 Incorrect

ভারতীয় জাতীয় কংগ্রেস ও নিখিল ভারত মুসলিম লীগের মধ্যে ঐক্যের দলিল-

A বেঙ্গল প্যাক্ট

8:51 49%



ভারতীয় জাতীয় কংগ্রেস ও নিখিল ভারত মুসলিম লীগের মধ্যে ঐক্যের দলিল-

A বেঙ্গল প্যাক্ট

B ক্রিপস কমিশন

C এলাহাবাদ চুক্তি

D লক্ষ্ণৌ চুক্তি ✔

A 16% B 3% C 8% D 73%

**Solution:**

লক্ষ্ণৌ চুক্তি ভারতীয় জাতীয় কংগ্রেস ও নিখিল ভারত মুসলিম লীগের মধ্যে সম্পাদিত একটি চুক্তি। ১৯১৬ সালে লক্ষ্ণৌয়ে দুই দলের যৌথ অধিবেশনে এই চুক্তি স্বাক্ষরিত হয়। মুহাম্মদ আলি জিন্নাহ কংগ্রেস ও মুসলিম লীগ উভয় দলের সদস্য হিসেবে দুই দলকে চুক্তিতে উপনীত করাতে সক্ষম হন যাতে ব্রিটিশ সরকার ভারত পরিচালনার জন্য উদারপন্থা গ্রহণ করে ও পাশাপাশি মুসলিমদের দাবিগুলোও রক্ষিত হয়। বঙ্গভঙ্গের পর জিন্নাহ মুসলিম লীগকে জনসাধারণের কাছে জনপ্রিয় করার জন্য এগিয়ে আসেন। মুহাম্মদ আলি

8:51 49%
ie.uttoron.academy 16
উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

C এলাহাবাদ চুক্তি

D লক্ষ্ণৌ চুক্তি ✔

A 16% B 3% C 8% D 73%

**Solution:**

লক্ষ্ণৌ চুক্তি ভারতীয় জাতীয় কংগ্রেস ও নিখিল ভারত মুসলিম লীগের মধ্যে সম্পাদিত একটি চুক্তি। ১৯১৬ সালে লক্ষ্ণৌয়ে দুই দলের যৌথ অধিবেশনে এই চুক্তি স্বাক্ষরিত হয়। মুহাম্মদ আলি জিন্নাহ কংগ্রেস ও মুসলিম লীগ উভয় দলের সদস্য হিসেবে দুই দলকে চুক্তিতে উপনীত করাতে সক্ষম হন যাতে ব্রিটিশ সরকার ভারত পরিচালনার জন্য উদারপন্থা গ্রহণ করে ও পাশাপাশি মুসলিমদের দাবিগুলোও রক্ষিত হয়। বঙ্গভঙ্গের পর জিন্নাহ মুসলিম লীগকে জনসাধারণের কাছে জনপ্রিয় করার জন্য এগিয়ে আসেন। মুহাম্মদ আলি জিন্নাহ এই চুক্তির স্থপতি ছিলেন। কংগ্রেস ও মুসলিম লীগের মধ্যে দূরত্ব ঘোচানোর জন্য কাজ করায় জিন্নাহকে 'হিন্দু-মুসলিম ঐক্যের দূত' উপাধি দেয়া হয়।